



'समानो मन्त्रः समितिः समानी'

**UNIVERSITY OF NORTH BENGAL**

B.A. Honours 5th Semester Examination, 2021

**CC11-BENGALI**

উনিশ ও বিশ শতকের কবিতা

Time Allotted: 2 Hours

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

**বিভাগ-ক**

১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ

৩×৪ = ১২

- (ক) 'চোর' কবিতাটি কার লেখা, কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? কাব্যটি কত সালে প্রকাশিত হয়? এখানে চোর কে?
- (খ) মধুসূদন দত্তের 'কপোতাক্ষ নদ' কবিতাটি প্রথম কোন্ পত্রিকায়, কী নামে প্রকাশিত হয়? এই সনেটটি কোন্ রীতিতে রচিত?
- (গ) 'আমার দুখিনী বর্ণমালা' কবিতাটি বাংলাদেশের কোন্ আন্দোলনের প্রেক্ষিতে লেখা? কবি বর্ণমালাকে দুখিনী বলেছেন কেন?
- (ঘ) 'মোহমুদগর' কবিতাটি কোন্ সালে প্রকাশিত হয়? 'মোহমুদগর' কথার অর্থ কী? এই শব্দটি কবি কোথা থেকে গ্রহণ করেছেন?
- (ঙ) 'সত্যেরে চাহিনা তবু, সুন্দরের করি আরাধনা' - লাইনটি কোথা থেকে নেওয়া হয়েছে? কবি সুন্দরের আরাধনা করেছেন কেন?
- (চ) 'বিদ্রোহী' কবিতাটি কোথায় বসে কবি লিখেছিলেন? প্রথম শ্রোতা কে? কবিতাটি কবির কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?

**বিভাগ-খ**

২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ

৬×৪ = ২৪

- (ক) 'বোধ' কবিতায় নিঃসঙ্গ বিচ্ছিন্ন মানুষের যে অসহায়তার কথা ধরা পড়েছে, তা বিশ্লেষণ করে দেখাও।
- (খ) 'বন্দীর বন্দনা' কবিতায় কবি কামনার কারাগারে বন্দী মানুষের যে হৃদয় আকৃতির প্রকাশ ঘটিয়েছেন, সে-সম্পর্কে আলোচনা করো।
- (গ) 'বুদ্ধদেব' কবিতাটিতে কবির মহাজীবনের প্রতি শ্রদ্ধা ও ভালোবাসার যে ছবি ফুটে উঠেছে তা আলোচনা করো।
- (ঘ) 'পদাতিক' কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো।
- (ঙ) 'পাছ' কবিতায় সোপেন হাওয়ারের সঙ্গে মোহিতলালের দেহবাদী চেতনার যে পার্থক্য ফুটে উঠেছে তা বিশ্লেষণ করো।
- (চ) 'কপোতাক্ষ নদ' কবিতায় কবির যে স্বদেশ-প্ৰীতির পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো।

বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ

১২×২ = ২৪

- (ক) 'বিদ্রোহী' কবিতায় কবি নজরুল ইসলামের বিদ্রোহী সত্তার যে পরিচয় পাওয়া যায় তা কবিতাটি আলোচনা করে বুঝিয়ে দাও।
- (খ) 'ফুল ফুটুক না ফুটুক' কবিতায় আধুনিক জীবনের যে সংকট রূপায়িত হয়েছে তা বিশ্লেষণ করে দেখাও।
- (গ) 'তোমাকে পাওয়ার জন্য হে স্বাধীনতা' কবিতা অবলম্বনে কবির স্বদেশ-প্রীতির পরিচয় দাও।
- (ঘ) 'পাণ্ডুলিপি' কবিতায় কবির স্বপ্নভঙ্গের বেদনার যে প্রকাশ ঘটেছে তা বিস্তারিত আলোচনা করো।

—x—